# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

**প্রধান কার্যালয়**

**মতিঝিল, ঢাকা-১০০০**

**বাংলাদেশ**

**সুপারভাইজরি ডেটা ম্যানেজমেন্ট এন্ড এনালিটিক্স ডিপার্টমেন্ট (এসডিএডি)**

এসডিএডি সার্কুলার লেটার নং-১৪

০৮ আশ্বিন ১৪৩৩
তারিখ: ---------------------
২৩ সেপ্টেম্বর ২০২৬

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

**হজ কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট ব্যাংকের শাখাসমূহ ২৫ সেপ্টেম্বর ২০২৬, শুক্রবার ও ২৬ সেপ্টেম্বর ২০২৬, শনিবার খোলা রাখাসহ ব্যাংক লেনদেন সময়ের পরেও হজের অর্থ গ্রহণ প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

১। ধর্ম বিষয়ক মন্ত্রণালয় এর ২০ সেপ্টেম্বর ২০২৬ তারিখের স্মারক নং-১৬.০০.০০০০.০০৩.১৮.০০৬.১৯(অংশ)-৮৯৪ এর প্রেক্ষিতে ২০২৭ সনের হজের নিবন্ধনের অর্থ জমাদানের সুবিধার্থে হজের অর্থ গ্রহণকারী আপনাদের ব্যাংকের সংশ্লিষ্ট শাখাসমূহ আগামী ২৫ সেপ্টেম্বর ২০২৬, শুক্রবার ও ২৬ সেপ্টেম্বর ২০২৬, শনিবার স্বাভাবিক সময়সূচি অনুযায়ী খোলা রাখাসহ লেনদেন সময়ের পরেও যতক্ষণ হজ নিবন্ধনের অর্থ জমাদানকারী উপস্থিত থাকেন ততক্ষণ পর্যন্ত পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিতপূর্বক অর্থ গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হলো।

২। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় অর্পিত ক্ষমতাবলে জনস্বার্থে এ নির্দেশ জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত

(মোঃ আবদুল মান্নান)
পরিচালক (এসডিএডি)
ফোনঃ ৯৫৩০০৯৩